দৈনিক সংবাদ

15

তারিখ 18 AUG 1987
পৃষ্ঠা 5 কলাম 4

# কামালনগর বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নেই

সাতক্ষীরা, ১৪ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।— ক্লাস-রুম, আসবাবপত্র এবং অন্যান্য সমস্যার কারণে পৌরসভার কামালনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ব্যাহত হচ্ছে। ভাঙ্গা টিনের চাল ও ঘর যে কোন সময় ভেঙ্গে পড়তে পারে। ফলে নিরাপত্তার অভাবে ছাত্র-ছাত্রীদেরকে গাছতলায় ক্লাস করতে হচ্ছে। বৃষ্টি হলেই স্কুল ছুটি হয়ে যায়।

১৯৭২ সালে স্থাপিত কামালনগর প্রাথমিক বিদ্যালয়টি জাতীয়করণ করা হয় ১৯৭৩ সালে। এখানে বর্তমানে ছাত্র-ছাত্রীর সংখ্যা সাড়ে ৪শ'।

অপরদিকে এ সকল ছাত্র-ছাত্রীর ক্লাস করার জন্য রয়েছে ছোট দু'টো টিনের ঘর। ঘরের চালের বিভিন্ন স্থানে ভেঙ্গে গেছে। সামান্য বাতাসে টিন খুলে যায়। বৃষ্টিতে পানি পড়ে। রোদে ক্লাসরুমে বসা যায় না গরমে। এছাড়া এখানে চেয়ার বেঞ্চেরও সংকট রয়েছে। দীর্ঘদিন যাবৎ স্কুলটির ভবন না থাকায় ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া ব্যাহত হচ্ছে। গত বর্ষা মৌসুমে ছাত্র-ছাত্রীরা ক্লাস করতে পারেনি। প্রায়ই স্কুল বন্ধ থাকে। বর্তমানে এ সমস্যা প্রকট আকার ধারণ করেছে। নিরাপত্তার অভাবে ছাত্র-ছাত্রীরা গাছ তলায় ক্লাস করছে। বৃষ্টি এলেই স্কুল ছুটি দিতে হচ্ছে।